স্বাধীন ভারতে লক্ষ লক্ষ শ্রমিক এখনও ‘পূর্ণ স্বরাজ’ অরথাৎ স্বাধীনতা উপভোগ করতে পারেনি ।

স্বাধীনতা মানে অর্থনৈতিক ও মানসিক, চিন্তা-চেতনায় এবং সিদ্ধান্ত গ্রহণে আত্মনির্ভরশীলতা উপভোগ করা ।

আমাদের অভিজ্ঞতায়, এটি ছাড়া সম্পূর্ণ কর্মসংস্থান লাভ করা সম্ভব নয়।

পূর্ণ-কর্মসংস্থান মানে প্রতিটি পরিবার মৌলিক খাদ্য, নিরাপত্তা , পরিষ্কার জল, পোশাক এবং আশ্রয়ের পরিষেবা যেন উপভোগ করতে পারে ।

তারা যেন সামাজিক সুরক্ষার অন্তরগত নিরাপত্তা, স্বাস্থ্যসেবা, শিশু যত্ন, বীমা এবং পেনশনের সুবিধা পেতে পারে।

সেওয়ার মূল লক্ষ্য হল নারী শ্রামিকদের সংগঠিত করে তাদের জন্য পূর্ণ-কর্মসংস্থান অর্জন করা।এই লক্ষ্য পূরণ না হওয়া পর্যন্ত সেওয়া সংগ্রাম চালিয়ে যাবে।

সেওয়ার সদস্যরা সংগঠিত হয়ে কাজ করবে, অহিংস সংগ্রাম এবং গঠনমূলক কর্মের মাধ্যমে পূর্ণ-কর্মসংস্থান প্রাপ্ত কররে ।

সেওয়া যে মূল্যবোধ গুলোর ওপর ভিত্তি করে কাজ করে সেগুলো হল একত্রিত হয়ে কাজ করা, সামাজিক ন্যায়বিচার এবং সরলতা।

সেওয়ার কৌশল হল মহিলা কর্মীদের সমবায় বা সমষ্টিতে সংগঠিত করে স্বনির্ভরতার পথে এগিয়ে নিয়ে যাওয়া।

সংগঠনের মাধ্যমে নারী শ্রমিকরা তাদের নিজেদের দাবি আদায় করতে পারবে এবং তাদের শ্রমকে যথাযত সম্মান দেওয়া হবে । এর ফলেদেশের অর্থনীতিতে তাদের আবেদন কে গুরুত্ব দেওয়া হবে।

সেওয়ার দৃষ্টিভঙ্গি হল পূর্ণ স্বাধীনতা অর্জন করা যাতে নারী শ্রমিকরা তাদের পরিবার এবং সম্প্রদায়গুলি পরিচালনা করতে সক্ষম হয়।